দৈনিক বাংলা ৯৫
তারিখ ... 20 MAR 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৪ ...

সিরাজগঞ্জ জেলা

# ৩৩ কোটি টাকা ব্যয়ে ৭শ' ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ

রফিকুল আলম খান : সিরাজগঞ্জ জেলায় গত ৪ বছরে ৭শ' ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ করা হয়েছে। এ জন্য ব্যয় হয়েছে প্রায় ৩৩ কোটি টাকা। এসব প্রকল্পের মধ্যে ছিল শ্রেণী ভবন ও হোস্টেল নির্মাণ, পুরানো ভবন সংস্কার ও মেরামত।

শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগ সূত্রে জানা গেছে, ১৯৯১-৯২ অর্থবছর থেকে ১৯৯৪-৯৫ অর্থবছর পর্যন্ত ১৪টি কলেজে একাডেমিক ভবন, বিজ্ঞান ভবন এবং হোস্টেল নির্মাণ করা হয়েছে। এতে প্রায় ৬ কোটি টাকা ব্যয় হয়েছে। এর মধ্যে সিরাজগঞ্জ সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে বাণিজ্য ভবন নির্মাণে ব্যয় হয়েছে ৮৫ লাখ টাকা। অন্যান্য প্রকল্পের মধ্যে ছিল সরকারী আকবর আলী কলেজ ও শাহজাদপুর সরকারী কলেজ এবং সরকারী মহিলা কলেজে হোস্টেল নির্মাণ, সরকারী মনসুর আলী কলেজে বিজ্ঞান ভবন তৈরি, সরকারী ইসলামিয়া কলেজ, সরকারী আকবর আলী কলেজ, করতোয়া কলেজ, জামতৈল হাজী কোরপ আলী কলেজ, টেংলাহাটা কলেজ, বাগবাটি কলেজ, চান্দাইকোনা হাজী ওয়াহেদ মরিয়াম কলেজ, তাড়াশ কলেজ, বেলকুচি কলেজ ও চৌহালী কলেজে একাডেমিক ভবন নির্মাণ। এর মধ্যে কয়েকটি প্রকল্প অসমাপ্ত রয়েছে।


এ সময়ে ২টি মাদ্রাসাসহ ১শ' ৪২টি বেসরকারী হাইস্কুলে তিন কক্ষবিশিষ্ট শ্রেণীভবন নির্মাণ করা হয়। এর প্রত্যেকটি ভবন নির্মাণে খরচ হয়েছে ৭ লাখ ৮১ হাজার ৭শ' টাকা। এসব ভবনের অধিকাংশগুলির নির্মাণ কাজ শেষ হয়েছে। বাকিগুলোর নির্মাণ কাজ এ বছরের জুন মাসঅবধি শেষ হবে বলে সংশ্লিষ্ট সূত্র থেকে জানা গেছে। এ সময় ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক মেরামত কাজ শেষ হয়। এছাড়া সিরাজগঞ্জ সরকারী বিশ্ব-বিদ্যালয় কলেজসহ ২টি শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ করা হয়েছে।

আলোচ্য অর্থ বছরগুলোতে জেলার ৪শ' ৩৪টি সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মিত হয়। এছাড়া ১শ' ৩১টি প্রাথমিক বিদ্যালয় ভবনের সার্বিক মেরামত শেষ হয়েছে।

এসব ভবনের মধ্যে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ ৪শ' ১৮টি নির্মাণ এবং ১শ' ১৮টি সংস্কার করেছে। এ জন্য যথাক্রমে ব্যয় হয়েছে ১১ কোটি ১১ লাখ ৫৯ হাজার টাকা এবং ৯৩ লাখ ১২ হাজার টাকা।

শিক্ষা মন্ত্রণালয়ের সুযোগ-সুবিধা বিভাগ ১৬টি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ এবং ২৩টির সার্বিক মেরামত সম্পন্ন করেছে। এ জন্য ব্যয় হয়েছে ৯০ লাখ ৯৪ হাজার টাকা। ২৩টি বিদ্যালয় ভবনের সার্বিক মেরামতে খরচ হয়েছে ১০ লাখ ৯৫ হাজার টাকা।

সিরাজগঞ্জ জেলায় শিক্ষা প্রতিষ্ঠান-গুলোর নতুন ভবন নির্মাণের ফলে শ্রেণীকক্ষের অভাব দূর হয়েছে। ফলে শিক্ষা লাভের সার্বিক পদ্ধতির উন্নতি হয়েছে।



৮৩ লাখ টাকা ব্যয়ে সিরাজগঞ্জ সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের বাণিজ্য ভবন সম্প্রতি নির্মিত হয়েছে —দৈনিক বাংলা